

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া  
শিক্ষা ও কল্যাণ শাখা  
www.brahmanbaria.gov.bd

নম্বর : ০৫.৪২.১২০০.০১৮.০৫.০০৩.২৪-২৪০

তারিখ : ১৩ আষাঢ় ১৪৩১  
২৭ জুন ২০২৪

### গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ৩০ জুন ২০২৪ খ্রি. তারিখ রবিবার হতে ২০২৪ সনের উচ্চমাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এইচএসসি), এইচএসসি (ভোকেশনাল), এইচএসসি (বিএম/বিএমটি) ও আলিম পরীক্ষা অনুষ্ঠিত হবে। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সরকারি মাধ্যমিক-২ শাখার আসন্ন উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমান পরীক্ষা-২০২৪ সুষ্ঠু ও সুশৃঙ্খল পরিবেশে সম্পন্ন লক্ষ্যে গঠিত জাতীয় মনিটরিং ও আইনশৃঙ্খলা কমিটির গত ০৫ জুন ২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর ৪.১১ নং ক্রমিকের সিদ্ধান্ত মোতাবেক আগামী ২৯ জুন ২০২৪ খ্রি. তারিখ হতে ১১ আগস্ট ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ব্রাহ্মণবাড়িয়া জেলার সকল কোচিং সেন্টার বন্ধ রাখার নির্দেশনা প্রদান করা হলো। পরীক্ষা চলাকালীন পরীক্ষার কেন্দ্র ও ভেন্যুর ৪০০ গজের মধ্যে সকল ফটোকপি মেশিন ও মোবাইল ফোনের দোকান বন্ধ রাখার জন্য বলা হলো।

০২। এমতাবস্থায়, উল্লিখিত সময়ের মধ্যে কোন কোচিং সেন্টারের কার্যক্রম চলমান পাওয়া গেলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



মোহাম্মদ হাবিবুর রহমান  
জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট  
ব্রাহ্মণবাড়িয়া  
ফোন : ০২-৩৩৪৪২৭৭১২  
ইমেইল: dcbrahmanbaria@mopa.gov.bd